



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
কলেজ অনুমোদন শাখা



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০৩.২১.১৮

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯

০৭ মার্চ ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া ০৫-০৩-২০২৩ খ্রি. তারিখ থেকে ২০-০৩-২০২৩ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলবে। যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানকে ভর্তির ওয়েব সাইটে ([www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)) (college Login) প্যানেলে লগইন করে ০৫-০৩-২০২৩ খ্রি. তারিখ থেকে ২০-০৩-২০২৩ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ টার মধ্যে রেজিস্ট্রেশন করার নিমিত্ত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীদের তথ্যাদি অনলাইনে প্রেরণের সমুদয় কাজ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয় অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৭-৩-২০২৩

মদন মোহন দাশ

কলেজ পরিদর্শক (চলতি দায়িত্ব)

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

ফ্যাক্স: ০৪২১-৬৮৬৯২

ইমেইল:

ic@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর